সংবাদ

তারিখ 28/5/83
পৃষ্ঠা ১ কলাম ৬

চারটি বোর্ডের অধীনে
১,৫২,১৩১ জন পরীক্ষার্থী

# আজ এইচ এস সি পরীক্ষা শুরু

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

আজ বৃহস্পতিবার দেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৮৩ সালের উচ্চ মাধ্যমিক (এইচ,এস,সি) পরীক্ষা শুরু হচ্ছে।

এ বছর ১ লাখ ৫২ হাজার ১শ' ৩১ জন পরীক্ষার্থী এইচ,এস, সি পরীক্ষায় অংশ নিচ্ছে। মোট পরীক্ষার্থীর মধ্যে ঢাকা বোর্ডের অধীনে ৪৬ হাজার ৬শ' ৩৪ জন,

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## এইচ এসসি পরীক্ষা

(১ম পাতার পর)

কুমিল্লা বোর্ডের অধীনে ৩৪ হাজার ৫শ' ৯৩ জন, যশোর বোর্ডের অধীনে ৩৫ হাজার ৫শ' ২৯ জন ও রাজশাহী বোর্ডের অধীনে ৩৫ হাজার ৩শ' ৭৫ জন পরীক্ষার্থী রয়েছে।

৪টি শিক্ষা বোর্ডের অধীনে ৩৪২টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঢাকা বোর্ডের ৪৬ হাজার ৬শ' ৩৪ জন পরীক্ষার্থীর মধ্যে মানবিক বিভাগে ১৭ হাজার ৫৩ জন, বিজ্ঞান বিভাগে ২১ হাজার ৯শ' ৩১ জন, বাণিজ্য বিভাগে ৬ হাজার ৫শ' ৪১ জন, কৃষি বিভাগে ৮শ' ৫১ জন, গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ১শ' ৯৮ জন, ইসলামী শিক্ষা বিভাগে ৪জন ও সংগীত বিভাগে ৬জন ছাত্র-ছাত্রী রয়েছে। ঢাকা বোর্ডের অধীনে ৭২টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

যশোর বোর্ডের এবার পরীক্ষার্থীর সংখ্যা ৩৫হাজার ৫২৯জন। এর মধ্যে মানবিক বিভাগে ১৩ হাজার ৭শ' ৪২জন, বিজ্ঞান বিভাগে ১২ হাজার ৬শ' ৩৭ জন, বাণিজ্য বিভাগে ৭হাজার ৯শ' ৮২ জন, কৃষি বিভাগে ১ হাজার ১শ' ৩৩ জন ও গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ৩৫ জন পরীক্ষায় অংশ নিচ্ছে। যশোর বোর্ডের অধীনে ৮৮টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বাসস জানায়, শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জনগণকে সর্বপ্রকার সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন।